

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

জানুয়ারি ২০০৯ থেকে মে, ২০১৬ পর্যন্ত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের অর্জিত সাফল্য চিত্র

ভূমিকা :

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড এর প্রধান কাজ দেশের জনসাধারণের মধ্যে প্রদর্শনের লক্ষ্যে চলচ্চিত্রের সনদপত্র প্রদান বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ এবং চলচ্চিত্র সেন্সরশিপ আইন, বিধি ও কোড বাস্তবায়নের মাধ্যমে চলচ্চিত্র শিল্পে সুস্থ পরিবেশ বজায় রাখা। তাছাড়া জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করা এবং স্থানীয় ফিল্ম ক্লাবসমূহের নিবন্ধীকরণের মাধ্যমে চলচ্চিত্র শিল্পের বিকাশে অবদান রাখা।

অর্জন :

- ☐ জানুয়ারি ২০০৯ থেকে মে ২০১৬ পর্যন্ত এ দপ্তর মোট ৫০৬টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ২৬০টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি, ৪৩টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্যচিত্র, ৩৮২টি বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলার এবং ৪৪টি বিজ্ঞাপনচিত্রের অনুকূলে সেন্সর সনদপত্র দিয়েছে। এছাড়া বিভিন্ন দূতাবাস ও ফিল্মক্লাব কর্তৃক আয়োজিত চলচ্চিত্র উৎসবের জন্য ৮৫৬ টি চলচ্চিত্রের অনুকূলে বিশেষ সেন্সর সনদপত্র দেওয়া হয়েছে।
- ☐ শুল্ক কর্তৃপক্ষের কাছ থেকে মোট ২৯৫টি আমদানিকৃত চলচ্চিত্র ছাড়করণের জন্য এ দপ্তরের অনাপত্তি দেওয়া হয়েছে। সেন্সর সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রের প্রচারকার্য চালানোর জন্য মোট ৯৮২টি পোস্টার/ফটোসেট/ব্যানার এর অনুমোদন দেওয়া হয়েছে।
- ☐ সেন্সরবিহীন অশ্লীল দৃশ্য প্রদর্শন করায় ২১৩টি সিনেমা হল থেকে চলচ্চিত্র জব্দ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও থানায় জব্দপত্র দেওয়া হয়েছে। অশ্লীল চলচ্চিত্র নির্মাণ ও প্রদর্শন বন্ধে গঠিত টাস্কফোর্সের কার্যক্রম এবং চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্তৃক সেন্সরশিপ আইন ও বিধি অধিকতর কার্যকর হওয়ায় চলচ্চিত্রের অশ্লীলতা হ্রাস পেয়েছে। বিজ্ঞ আদালতের নির্দেশে ৪৩১টি সিডি/ডিভিডি/কম্পিউটার হার্ডডিস্ক এবং ৩টি চলচ্চিত্রের প্রিন্ট পরীক্ষা করে মতামত দেওয়া হয়েছে।
- ☐ চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান উপলক্ষে সংশ্লিষ্ট জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করা হয়েছে। জানুয়ারি ২০০৯ থেকে মে ২০১৬ পর্যন্ত এ দপ্তর চলচ্চিত্র সেন্সর ও স্ক্রিনিং ফিস বাবদ ৩,১২,১৬,৪০০/- (তিন কোটি বারো লক্ষ ষোলো হাজার চারশত) টাকা রাজস্ব আয় করেছে। উল্লেখ্য, দূতাবাসের চলচ্চিত্র সেন্সরের জন্য কোর্সে ফিস নেওয়া হয় না এবং চলচ্চিত্র উৎসবের চলচ্চিত্র সেন্সরের ক্ষেত্রে অনেক সময় ফিস মওকুফ করা হয়।
- ☐ বর্তমানে চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি কঠোরভাবে প্রয়োগ করা হচ্ছে। পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। চলচ্চিত্র পরিদর্শকগণ মাঠ পর্যায়ে নিয়মিতভাবে পরিদর্শনে যাচ্ছেন। চলচ্চিত্র শিল্পের সুস্থ পরিবেশ বজায় রাখার স্বার্থে আইন ও বিধি লংঘনকারী চলচ্চিত্রগুলোর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- ☐ সেন্সরশিপ আইন ও বিধি লংঘন করে চলচ্চিত্র প্রদর্শন করায় (১) নিরাপত্তা, (২) খুনী বিপ্লব (৩) নগদ, (৪) ধর মাস্তান, (৫) ভয়াবহ, (৬) দেখাও গুরু, (৭) কিছু আশা কিছু ভালোবাসা ও (৮) পাগল তোর জন্য রে নামক চলচ্চিত্রগুলোর সেন্সর সনদপত্র সাময়িকভাবে বাতিল করা হয়। পরবর্তীতে আইন ও বিধি মোতাবেক খুনী বিপ্লব, ধর মাস্তান, ভয়াবহ, দেখাও গুরু, কিছু আশা কিছু ভালোবাসা, পাগল তোর জন্য রে নামক চলচ্চিত্রগুলোর সেন্সর সনদপত্র স্থায়ীভাবে বাতিল করা হয়েছে।
- ☐ চলচ্চিত্র প্রেমীদের দীর্ঘদিনের দাবির ফসলস্বরূপ “ফিল্ম ক্লাবসমূহ (রেজিস্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮০” রহিতপূর্বক “চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১” প্রণয়ন করা হয়েছে।
- ☐ চলচ্চিত্রের প্রযোজক/স্বত্বাধিকারী/সিনেমা হল মালিক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে মামলা দায়ের করে থাকেন। ২০০৯ সালে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা ছিল ১৩০টি। বর্ণিত সময় থেকে এ পর্যন্ত ৬৪টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে ৬৬টি মামলা বিচারাধীন রয়েছে।

আইসিটি উন্নয়ন

- ☐ আইসিটি সংক্রান্ত উন্নয়নের পদক্ষেপ হিসেবে এ বোর্ডের কর্মকর্তা ও আইসিটি সম্পৃক্ত কর্মচারীদের কম্পিউটারভিত্তিক জ্ঞান ও বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিজস্ব ডাইনামিক ওয়েব সাইট চালুসহ ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে। বোর্ডের Citizen Charter, কার্যক্রম সংক্রান্ত তথ্য, উপাত্ত এ দপ্তরের ওয়েব সাইট www.bfcb.gov.bd তে সন্নিবেশিত করা হয়েছে। Citizen Charter এর কপি সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের প্রদান করা হয়ে থাকে।
- ☐ বর্তমান সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে এ দপ্তরে ডিজিটাল নথি খোলা হয়েছে এবং ই-ফাইলিং, ই-টেন্ডারিং চালু করার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- ☐ **BanglaGov.net** প্রকল্পের আওতায় এ দপ্তরে একটি উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট ডিভাইস স্থাপন করা হয়েছে।